37

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 SEP 1989
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩

## রাজশাহী মেডিক্যাল কলেজ খুলিয়াছে

রাজশাহী সংবাদদাতা টেলিফোনে জানান, গত ৩১শে আগষ্ট স্বাস্থ্য মহাপরিচালকের উপস্থিতিতে কর্তৃপক্ষ ও ছাত্র সংসদের মধ্যে আলাপ-আলোচনার পর রাজশাহী মেডিক্যাল কলেজ গত শনিবার হইতে খুলিয়া দেওয়া হইয়াছে। তবে গতকাল (রবিবার) হইতে এমবিবিএস ফাইনালের যেসব পরীক্ষা অনুষ্ঠানের কথা ছিল উহা স্থগিত রাখা হইয়াছে। এইসব পরীক্ষা অনুষ্ঠানের তারিখ পরে ঘোষণা করা হইবে।